

বিষয়: স্থানীয় সরকার বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ অনুযায়ী এ বিভাগের নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২২) সভায় গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব ড. মলয় চৌধুরী
অতিরিক্ত সচিব (প্রশাসন) ও আহ্বায়ক, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত
পরিবীক্ষণ কমিটি, স্থানীয় সরকার বিভাগ
তারিখ ও সময় : ২৪ আগস্ট ২০২২, বুধবার, বেলা ২:০০ ঘটিকা
স্থান : ভার্চুয়াল (জুম প্ল্যাটফর্ম)।

সভার আলোচনা:

১. সভাপতি উপস্থিত সকলকে স্বাগত করে সভার কার্যক্রম শুরু করেন। শুরুতে সভাপতি বলেন যে, স্থানীয় সরকার বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ অনুযায়ী এ বিভাগের নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২২) সভা এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ৩০ জুন ২০২২ তারিখে ভার্চুয়াল প্ল্যাটফর্মে অনুষ্ঠিত সভায় প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর সংক্রান্ত একটি সিদ্ধান্ত গৃহিত হয়েছিল। উক্ত সিদ্ধান্তটি বাস্তবায়নের লক্ষ্যে করণীয় নির্ধারণ সম্পর্কে আজকের সভার আয়োজন করা হয়েছে। পরে তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী সভাটি পরিচালনা করার জন্য উপসচিব (সিটি কর্পোরেশন-১)-কে আহ্বান জানান।

২. সভাপতির অনুমতিক্রমে উপসচিব (সিটি কর্পোরেশন-১) ও এ বিভাগের শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোহাম্মদ শামছুল ইসলাম বলেন, গত ৩০ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২২) সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের মধ্যে ৫নং সিদ্ধান্তটি নিম্নরূপ:

“প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তরের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও দপ্তর-সংস্থার প্রতিনিধিদের সমন্বয়ে সভা আয়োজন করতে হবে।”

মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করার বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু এ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক বাস্তবায়নধীন প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) কিছু কিছু ক্ষেত্রে বিধি মোতাবেক যথাযথভাবে সময়মত হস্তান্তর না হওয়ায় বিভিন্ন ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হচ্ছে। তিনি প্রকল্প সমাপ্তি শেষে নিয়মিত যথাযথভাবে যেন প্রকল্পের সম্পদ হস্তান্তর হয় তা নিশ্চিত করার লক্ষ্যে করণীয় নির্ধারণে সংশ্লিষ্ট সকলের মতামত কামনা করেন।

৩. সভাপতি এ বিভাগসহ এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তরের প্রক্রিয়া, স্ব স্ব অধিক্ষেত্রে এ বিষয়ে গৃহিত কার্যক্রম এবং এক্ষেত্রে কোন অন্তরায় থাকলে সেগুলো পর্যায়ক্রমে উপস্থাপনের জন্য এ বিভাগের পরিকল্পনা অধিশাখা এবং দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ জানান।

৪. যুগ্মসচিব (পরিকল্পনা) জনাব এ এইচ এম কামরুজ্জামান জানান, প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ বিশেষ করে সচল এবং ব্যবহারযোগ্য যানবাহন থাকলে সেগুলো সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা কর্তৃক ব্যবহার করা হচ্ছে। এ বিভাগের আওতাধীন কোন প্রকল্পের মেয়াদ সমাপ্ত হলে উক্ত প্রকল্পের সম্পদ প্রশাসন অনুবিভাগের মাধ্যমে জমা নেওয়া হয়। পরবর্তীতে এ বিভাগ কর্তৃক যানবাহনগুলো সরকারি যানবাহন অধিদপ্তরে জমা প্রদান করা হয়। অন্যান্য সম্পদ ব্যবহার উপযোগি থাকলে এ বিভাগে ব্যবহার করা হয় অথবা দপ্তর/সংস্থার চাহিদার প্রেক্ষিতে তাদেরকে সরবরাহ করা হয়। প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর নিশ্চিত করার লক্ষ্যে গত ২০২১-২২ অর্থ বছরের শুরুতেই সকল দপ্তর/সংস্থাকে পত্র প্রেরণ করা হয়েছে। গত ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে সমাপ্ত হওয়া প্রকল্পের সম্পদের হালনাগাদ অবস্থা সংক্রান্ত তথ্যাদি এ বিভাগে

প্রেরণের জন্য ২৭ জুলাই ২০২২ তারিখে সকল দপ্তর/সংস্থাকে পত্র মারফত নির্দেশনা প্রদান করা হয়েছে। দপ্তর/সংস্থাসমূহ হতে উক্ত তথ্যাদি পাওয়ার পর সেগুলোর অনুলিপি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সিটি কর্পোরেশন-১ শাখায় প্রেরণ করা হবে।

৫. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২) জনাব মোঃ সবুর হোসেন বলেন, চলতি ২০২২-২৩ অর্থ বছরে কতগুলো প্রকল্প সমাপ্ত হবে সে তথ্য জানা থাকলে প্রকল্পের সম্পদগুলো হস্তান্তরের কার্যক্রম তদারকি করা সহজ হবে।

৬. যুগ্মসচিব (পরিকল্পনা) জনাব এ এইচ এম কামরুজ্জামান জানান, ৩০ জুন ২০২২ তারিখ পর্যন্ত এ বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার মোট ৩৫(পঁয়ত্রিশ)টি প্রকল্প সমাপ্তির জন্য নির্ধারিত ছিল। ৩০ (ত্রিশ)টি প্রকল্প উক্ত সময়সীমার মধ্যে সমাপ্ত হয়েছে।

৭. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী এবং এলজিইডি'র শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব শরীফ উদ্দিন বলেন, ৩০ জুন ২০২২ পর্যন্ত এলজিইডি'র ১৫ (পনের)টি প্রকল্প সমাপ্ত হয়েছে। এলজিইডির অধিকাংশ সমাপ্ত প্রকল্প পরবর্তীতে ফলো আপ/ব্রিজিং প্রকল্প হিসেবে গ্রহণ করা হয়। সমাপ্ত প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে ফলো আপ/ব্রিজিং প্রকল্পে ব্যবহারের জন্য হস্তান্তর করা হয়। এলজিইডির সমাপ্ত প্রকল্পের যানবাহন ফলো আপ/ব্রিজিং প্রকল্পে ব্যবহারের লক্ষ্যে হস্তান্তরের পূর্বে এ বিভাগের অনুমতি নেওয়া হয় কিনা তা জানতে চাইলে জনাব শরীফ উদ্দিন জানান, এ বিভাগের কোন অনুমোদন নেওয়া হয় না।

৮. যুগ্মসচিব (আইন) জনাব মোঃ কামাল হোসেন গত ৩০ জুন ২০২২ তারিখে সমাপ্ত হওয়া ISSP প্রকল্পের সম্পদ হস্তান্তরের বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানান। সে প্রেক্ষিতে সভাপতি জানান, প্রকল্পটির ব্রিজিং ফেজ আসার সম্ভাবনা থাকলে সম্পদগুলো ব্রিজিং ফেজে ব্যবহারের জন্য সংরক্ষণ করতে হবে। ব্রিজিং ফেজ না এলে বিধি মোতাবেক সম্পদ হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করা যায়।

৯. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের জনাব মোঃ আনোয়ার ইউসুফ বলেন, গত ২০২১-২২ অর্থ বছরে ডিপিএইচই'র ১০(দশ)টি প্রকল্প সমাপ্ত হয়েছে। এই প্রকল্পগুলোতে সম্পদের হালনাগাদ অবস্থা সংক্রান্ত তথ্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার জন্য প্রস্তুত করা হচ্ছে। এ পর্যায়ে সভাপতি প্রকল্প সমাপ্তি বিষয়ক প্রতিবেদন দ্রুততম সময়ের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য সকল দপ্তর/সংস্থাকে আহ্বান জানান।

১০. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সিস্টেম এনালিস্ট এবং শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব আবু তৈয়ব রোকন বলেন, গত ২০২০-২১ অর্থ বছরে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ০১(এক) টি প্রকল্প সমাপ্ত হয়েছে এবং উক্ত প্রকল্পের যানবাহনসহ সম্পদ সিটি কর্পোরেশন কর্তৃক রক্ষণাবেক্ষণ পর্যায়ে রয়েছে। সম্পদগুলো মাননীয় মেয়র এর অনুমোদনক্রমে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক ব্যবহৃত হচ্ছে। ২০২১-২২ অর্থ বছরে সমাপ্ত হওয়া প্রকল্পের তথ্যাদি খুব দ্রুততম সময়ের মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হবে।

১১. ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান নগর পরিকল্পনাবিদ জনাব মাকসুদ জানান, চলতি অর্থ বছরের ডিসেম্বর ২০২২ মাসে ২টি প্রকল্প সমাপ্ত হবে। প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ যথাযথভাবে হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২. খুলনা সিটি কর্পোরেশনের সচিব জনাব আজমল হোসেন বলেন, খুলনা সিটি কর্পোরেশনে চলতি অর্থ বছরে কোন প্রকল্প সমাপ্তির জন্য নির্ধারিত নেই। তিনি জানান, সমাপ্ত হওয়া প্রকল্পের অধিকাংশ ল্যাপটপ, কম্পিউটার ব্যবহারযোগ্য অবস্থায় থাকে না। যেগুলো ব্যবহারযোগ্য থাকে সেগুলো কিছু কিছু ক্ষেত্রে সিটি কর্পোরেশনের কর্মকর্তাগণ ব্যবহার করে থাকেন। গত অর্থ বছরে সমাপ্ত হওয়া প্রকল্পের ০১(এক)টি গাড়ী সিটি কর্পোরেশন কর্তৃক ব্যবহারে অনুমতি প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র দেওয়া হবে।

১৩. সিলেট সিটি কর্পোরেশনের সহকারী প্রকৌশলী জনাব জয়দেব বিশ্বাস জানান, গত ২০২১-২২ অর্থ বছরে এই সিটি কর্পোরেশনের ০৩(তিন)টি প্রকল্প সমাপ্ত হয়েছে। সিলেট সিটি কর্পোরেশনে যানবাহনের সংকট থাকায় সমাপ্ত প্রকল্পের যানবাহনগুলো সিটি কর্পোরেশন কর্তৃক ব্যবহারে অনুমতি প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করা হবে।

১৪. চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রোগ্রামার জনাব মোঃ ইকবাল হাসান বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনে ০৫টি প্রকল্প চলমান। গত ২০২১-২২ অর্থ বছরে সমাপ্ত প্রকল্পের সম্পদ মেয়র মহোদয়ের সাথে আলোচনার মাধ্যমে বিধি মোতাবেক হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫. ময়মনসিংহ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ ইউসুফ আলী বলেন, ডিসেম্বর ২০২২ মাসে তাদের ২টি প্রকল্প সমাপ্ত হবে। প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ যথাযথভাবে হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬. সভাপতি পরিশেষে বলেন, এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সমাপ্ত প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিশেষ করে যানবাহন যদি কোন কারণে বা জরুরি প্রয়োজনে পুনরায় ব্যবহার বা অন্য কোন প্রকল্পে হস্তান্তরের প্রয়োজন হয় সেক্ষেত্রে এ বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে। তিনি স্ব স্ব দপ্তর/সংস্থার প্রকল্প সমাপ্তি বিষয়ক প্রতিবেদন জরুরিভিত্তিতে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য আহ্বান জানান। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সূচকে এ বিভাগকে এগিয়ে নিয়ে যাবার লক্ষ্যে প্রত্যেকের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য তিনি সকলের প্রতি আন্তরিক অনুরোধ জানান।

১৭. সভার সিদ্ধান্ত:

বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	সমাপ্ত প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিশেষ করে যানবাহন কোন কারণে বা জরুরি প্রয়োজনে পুনরায় ব্যবহার বা অন্য কোন প্রকল্পে হস্তান্তরের পূর্বে এ বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে এবং যে প্রকল্পে ব্যবহারের জন্য প্রস্তাব করা হবে সে প্রকল্পের ডিপিপি/টিপিপি ইত্যাদিতে অন্তর্ভুক্ত থাকতে হবে।	দপ্তর/সংস্থা (সকল)
২।	স্ব স্ব দপ্তর/সংস্থার সমাপ্ত প্রকল্পের সম্পদ হস্তান্তর বিষয়ক প্রতিবেদন জরুরিভিত্তিতে আগামী ০১(এক) সপ্তাহের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।	দপ্তর/সংস্থা (সকল)
৩।	এ বিভাগের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী নির্ধারিত সময়সীমার (৩১/১২/২০২২ এবং ৩০/০৬/২০২৩) পূর্বে প্রকল্পের সম্পদ হস্তান্তর সম্পর্কিত প্রতিবেদন এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।	দপ্তর/সংস্থা (সকল) প্রকল্প পরিচালক (সকল)

১৮। পরিশেষে, সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে যথাযথভাবে দায়িত্ব পালনের আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

তারিখ:

(ড. মলয় চৌধুরী)

অতিরিক্ত সচিব (প্রশাসন)

ও

আহ্বায়ক, জাতীয় শুদ্ধাচার কৌশল
বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি
স্থানীয় সরকার বিভাগ।

স্মারক নং: ৪৬.০০.০০০০.০৭০.১৬.০০২.২২-১০১৫(১/২৫)

তারিখ: ১৩ ভাদ্র ১৪২৯
২৮ আগস্ট ২০২২

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)


১. অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (পমূপ), স্থানীয় সরকার বিভাগ।
২. যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠান:

১. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ/সিলেট/চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
৩. মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী/গাজীপুর/ময়মনসিংহ/খুলনা/রংপুর/বরিশাল/নারায়ণগঞ্জ/কুমিল্লা সিটি কর্পোরেশন।

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
২. উপসচিব (প্রশাসন-১/প্রশাসন-২/সিটি কর্পোরেশন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৫. অফিস কপি।


25.06.2022

(মোহাম্মদ শামছুল ইসলাম)

উপসচিব

ফোন: ০২-২২৩৩৫৩৬২৫

মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০

ইমেইল: lgcc1@lgd.gov.bd